নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
Noakhali science and Technology University
Website : www.nstu.edu.bd
Noakhali-3814

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
Public Relations & Publications Office
Phone:880-2334496581, Mobile: 880-01733998894
E-mail : pr@office.nstu.edu.bd

নোবিপ্রবি/জনওপ্রকা/সংবাদ-বিজ্ঞপ্তি/২০২৫/২২২২ ৩০ জুলাই ২০২৫

<u>সংবাদ বিজ্ঞপ্তি</u>

# নোবিপ্রবিতে ‘শিক্ষা ও গবেষণার মধ্যে সমন্বয়: সমস্যা ও সমাধানের দৃষ্টিভঙ্গি’ শীর্ষক কর্মশালা

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) শিক্ষকদের অংশগ্রহণে ‘শিক্ষা ও গবেষণার মধ্যে সমন্বয়: সমস্যা ও সমাধানের দৃষ্টিভঙ্গি’ শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। আজ বুধবার (৩০ জুলাই ২০২৫) নোবিপ্রবি ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের (আইকিউএসি) আয়োজনে আইকিউএসি সেমিনার কক্ষে এ কর্মশালা অনুষ্ঠিত হয়। এতে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক।

কর্মশালায় বিশেষ অতিথির বক্তব্যে উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক বলেন, আমি আশা করি আইকিউএসি’র আয়োজনে সারা বছরই প্রজেক্ট রাইটিং, টিচিং লার্নিংয়ের মত বিষয়গুলো নিয়ে এ ধরনের কার্যক্রম চলমান থাকবে। প্রজেক্টের ক্ষেত্রে পর্যাপ্ত সময় হাতে নিয়ে আপনাদের প্রস্তুতি নিতে হবে। গবেষণার গুণগত মান বজায় রাখতে কার্যকরি বিষয়সমূহ নির্বাচন করে প্রজেক্ট প্রপোজাল তৈরি করতে হবে, তখনই তা গ্রহণীয় হবে।

আইকিউএসি পরিচালক অধ্যাপক ড. আসাদুন নবীর সভাপতিত্বে কর্মশালায় কি-নোট স্পিকার ছিলেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের অধ্যাপক ড. কাজী আশরাফুজ্জামান। এতে আলোচক ছিলেন নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ওশানোগ্রাফি বিভাগের সহযোগী অধ্যাপক ড. মুহাম্মদ আবদুল মমিন সিদ্দিকী। কর্মশালায় প্রোগ্রাম মডারেটর ছিলেন আইকিউএসির অতিরিক্ত পরিচালক জি এম রাকিবুল ইসলাম।

কর্মশালায় বিশ্ববিদ্যালয়ের প্রকৌশল ও প্রযুক্তি অনুষদ, বিজ্ঞান অনুষদ এবং জীব বিজ্ঞান অনুষদভুক্ত বিভিন্ন বিভাগের ৬৫ জন শিক্ষক অংশগ্রহণ করেন।

ইফতেখার হোসাইন
সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)
মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪